ঠাকুরগাঁওয়ে এমজেএল বাংলাদেশের শীতবস্ত্র বিতরণ

শামসুল আলম, ঠাকুরগাঁও – ঠাকুরগাঁওয়ে এমজেএল বাংলাদেশ পিএলসি’র পক্ষ থেকে এবং সরকার মটরস এর তত্ত্বাবধানে দুস্থ ও অসহায়দের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়। গতকাল বুধবার ঠাকুরগাঁও প্রেসক্লাব চত্বরে এ বিতরণ অনুষ্ঠিত হয়।

শীতবস্ত্র বিতরণকালে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন এমজেএল বাংলাদেশ পিএলসি’র ডেপুটি ম্যানেজার মো: ফজলে লোহানী, কাওসার রহমান, ডিস্ট্রিবিউটর সরকার মটরস এর স্বত্ত্বাধীকারী সুদাম সরকার, ঠাকুরগাঁও প্রেসক্লাব সভাপতি লুৎফর রহমান মিঠু, সদস্য রেজওয়ানুল হক রিজু, নুরে আলম শাহসহ অন্যান্যরা। এ সময় প্রায় ২৫০ জন দুস্থ ও অসহায়দের মাঝে শীতবস্ত্র হিসেবে কম্বল বিতরণ করা হয়।